# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 23-12-2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রোজগার মেলায় যোগ দিয়ে বলেছেন, গত দেড় বছরে কমপক্ষে ১০ লক্ষ তরুণ-তরুণীর হাতে সরকারী চাকরির নিয়োগপত্র তুলে দেওয়া হয়েছে। এরাজ্যে আয়োজিত দুটি মেলা থেকে নিয়োগপত্র পেয়েছেন ৫৩৫ জন।

২) কেন্দ্রীয় সরকার শিক্ষার অধিকার আইনে সংশোধনী এনে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পঞ্চম ও অস্টম শ্রেণীতে পাশ ফেল প্রথা ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে।

৩) রা্জ্য সরকার শহরে সাম্প্রতিক একাধিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পড়ুয়াদের পাশে দাঁড়াবে বলে জানিয়েছে।

৪) শান্তিনিকেতনে ঐতিহ্যবাহী পৌষ মেলার সূচনা হয়েছে। অন্যদিকে, বাঁকুড়ায় শুরু হয়েছে ৩৭-তম বিষ্ণুপুর মেলা।

৫) বাংলা, মহিলাদের সিনিয়ার একদিনের ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত দেড় বছরে কমপক্ষে ১০ লক্ষ তরুণ-তরুণীদের সরকারী চাকরিতে নিয়োগ করা হয়েছে। আজ রোজগার মেলায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজার নব নিযুক্তের হাতে নিয়োগ পত্র তুলে দিয়ে প্রধানমন্ত্রী বলেন, সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে নির্বাচিত হওয়া এই প্রার্থীরা দায়বদ্ধতা এবং সততার সঙ্গে দেশ সেবার কাজে ব্রতী হবেন।

(বাইট – মোদী)

এরাজ্যের কলকাতা এবং জলপাইগুড়িতে আয়োজিত রোজগার মেলা থেকে ৫৩৫ জনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে। নিউটাউনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জাহাজ, বন্দর ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনুঠাকুর। ২৭১ জন নবনিযুক্ত সেখানে এই সংক্রান্ত নথি হাতে পান।

জলপাইগুড়ির রাধাবাড়ি বি এস এফ ক্যাম্প থেকে ২৬৪ জনের হাতে চাকরির কাগজ তুলে দেওয়া হয়েছে। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার। তিনি বলেন, সারা দেশের সঙ্গে এরাজ্যের বহু যুবক-যুবতীও রোজগার মেলার মাধ্যমে কেন্দ্রের বিভিন্ন দফতরে চাকরি পাচ্ছেন। মন্ত্রী বলেন, নতুন চাকরি প্রাপ্তরা অন্যদের কাছে অনুপ্রেরণা হিসেবে কাজ করবেন।

(বাইট – সুকান্ত)

উল্লেখ্য কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক, উচ্চ-শিক্ষা, স্বাস্থ্য, পরিবার কল্যাণ সহ বিভিন্ন মন্ত্রক ও বিভাগের জন্য এই নিয়োগপত্র দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার শিক্ষার অধিকার আইনে সংশোধনী এনে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পঞ্চম ও অস্টম শ্রেনীতে পড়ুয়াদের মধ্যে পাশ ফেল প্রথা ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের তরফে আজ বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে, এই দুই শ্রেণীর যদি কোন পড়ুয়া বার্ষিক পরীক্ষায়

ফেল করে তাহলে, দুই মাসের মধ্যে তাকে পুনরায় পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। এইসমস্ত পড়ুয়া যতক্ষণ না প্রাথমিক শিক্ষার পাঠ শেষ করবে,ততক্ষণ তাদের বিদ্যালয় থেকে বের করে দেওয়া যাবে না। শিশুদের পঠনপাঠনের উন্নতির জন্য এই সিদ্ধান্ত বলে কেন্দ্রীয় শিক্ষা সচিব সঞ্জয় কুমার জানান।

(বাইট – সঞ্জয় কুমার)

*OOOOOOOOOOOOOOOOOOOO*

রা্জ্য সরকার শহরে সাম্প্রতিক একাধিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পড়ুয়াদের পাশে দাঁড়াবে। যাদের বই খাতা সহ অন্যান্য পড়াশোনার সরঞ্জাম আগুনে নষ্ট হয়েছে সর্বশিক্ষা মিশনের মাধ্যমে তাদের তা বিনামূল্যে দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া উপযুক্ত প্রমাণ সহ যোগাযোগ করলে মার্কশিট, সংশাপত্রের মতো নথিও তাদের পত্রপাঠ দেওয়া হবে বলে মধ্যশিক্ষা পর্যদ এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে। রাজ্যে সমগ্র শিক্ষা মিশনের সভাপতি কার্তিক মান্না বলেন, নিউ আলিপুরে দুর্গাপুর সেতুর নীচের বস্তিতে আগুনে ক্ষতিগ্রস্ত দুই মাধ্যমিক পরীক্ষার্থীর হাতে ইতিমধ্যেই নতুন বই তুলে দেওয়া হয়েছে। আরও কোনও ক্ষতিগ্রস্ত পড়ুয়া বা তাদের স্কুল কর্তৃপক্ষ বইয়ের জন্য দফতরে যোগাযোগ করলে তাদেরও নতুন বই দেওয়ার ব্যবস্থা করা হবে। এক্ষেত্রে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

*OOOOOOOOOOOOOOOOOO*

বর্তমান সময়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার সমাধানে, পড়ুয়াদের অংশগ্রহণ বাড়াতে আজ শুনবেন ‘স্মার্ট ইন্ডিয়া হ্যাকথন ও বিকশিত ভারত’- শীর্ষক বিশেষ আলোচনা।

অংশ নিয়েছেন, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি আইআইটি খড়গপুর-এর অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডক্টর কৌশল কুমার ভগৎ ও ওই প্রতিষ্ঠানের পড়ুয়া উতঙ্ক মিত্র। সঞ্চালনায় কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ এবং ডি টি এইচ বাংলায় ও আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাবাসাহেব আম্বেদকরকে নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিতর্কিত মন্তব্যের প্রতিবাদে শাসক দল তৃণমূল কংগ্রেস আজ রাজ্যজুড়ে ধিক্কার মিছিলের আয়োজন করে। কলকাতায় প্রতিটি ওয়ার্ডে এই প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে। বিভিন্ন জেলাতেও ব্লকে ব্লকে মিছিল বেরিয়েছে। উত্তর কলকাতায় এক প্রতিবাদ মিছিলে যোগ দিয়ে দলীয় মুখপাত্র কুনাল ঘোষ বলেন, বাবা সাহেবের এই অপমান সংবিধান তথা ভারতীয় গণতন্ত্রের অপমান।

এদিকে, কলকাতা বিশ্ববিদ্যালয়–সহ রাজ্যের সমস্ত বিশ্ববিদ্যালয়, কলেজের সামনে তৃণমূল ছাত্র পরিষদ প্রতিবাদ কর্মসূচি পালন করে।

বাবা সাহেব আম্বেদকর কে নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর মন্তব্যের নিন্দা করেছেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ও। বিধানসভা ভবনে এক অনুষ্ঠানের ফাঁকে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সাংবিধানিক পদে থাকা ব্যক্তির পক্ষে সংবিধান প্রণেতার উদ্দেশ্যে এ ধরনের মন্তব্য কখনোই কাঙ্খিত নয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ জাতীয় কৃষক দিবস। উন্নত দেশ গঠনে কৃষক তথা অন্যদাতাদের ক্ষমতায়নের লক্ষে আজকের দিনটি পালন করা হয়ে থাকে। ভারতের পঞ্চম প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর জন্ম বার্ষিকী উপলক্ষে কৃষকদের কল্যাণে তাঁর

অবিচল মনোভাব এবং গ্রামীণ সমস্যার সমাধানে তার মূল্যবান দৃষ্টিভঙ্গীকে সম্মান জানাতে কৃষক দিবস পালিত হয়ে থাকে।

কৃষকদের আর্থ সামাজিক পরিস্থিতির বিকাশে এবং সুসংহত উন্নয়নে ভারত সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। তাদের আর্থিক সুরক্ষা আরও বাড়াতে চালু হয়েছে পি এম কিষাণ সম্মান, প্রধানমন্ত্রী ফসল বীমা, কিষাণ জনধন যোজনা ইত্যাদি।

এছাড়াও নমো ড্রোণ দিদি, সয়েল হেল্থ কার্ড এবং আরও নানাবিধ প্রকল্প চালু হয়েছে কৃষক কল্যাণে। ২০১4 সালের পর থেকে গত ১০ বছরে বেড়েছে কৃষি ক্ষেত্রে বাজেট বরাদ্দও।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন কি বাপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭ তম পর্ব। টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে ফোন করে মতামত ও চিন্তাভাবনা জানানো যাবে। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনে তা এমাসের ২৭ তারিখ পর্যন্ত জানানো যাবে।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে সরাসরি সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooo

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

ooooooooooooooooooooo

ছাতিমতলায় ব্রহ্ম উপাসনার মধ্য দিয়ে পৌষমেলার সূচনা হয়েছে। বিশ্বভারতীর ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক বিনয় কুমার সোরেন গতরাতে বৈতালিক এবং আজ সকালে ব্রহ্ম উপাসনা পরিচালনা করেন। আজ থেকে শুরু হয়ে মেলা চলবে ২৮ তারিখ পর্যন্ত। নেওয়া হয়েছে একাধিক নিরাপত্তা ব্যবস্থা। যান চলাচল নিয়ন্ত্রণের জন্য শহরে বসেছে ড্রপ গেট। মেলাকে প্লাস্টিক মুক্ত রাখতে চলেছে মাইকিং। এরাজ্য ছাড়াও অন্যান্য রাজ্য থেকে ভীড় জমাচ্ছেন উৎসাহিত মানুষ।

oooooooooooooooooooooo

বাঁকুড়ার বিষ্ণুপুরে আজ সূচনা হয়েছে ৩৭ তম বিষ্ণুপুর মেলার। মল্লভূমের নিজস্ব ঘরানার ধ্রুপদী সঙ্গীত, বালুচরি শাড়ি, ডোকরা ও টেরাকোটার শিল্পকর্ম বিশ্বের সামনে তুলে ধরতে এবার বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি-বাঁকুড়া)

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার বাৎসরিক পুষ্প প্রদর্শনী আজ থেকে শুরু হয়েছে। দুপুরে এক অনুষ্ঠানে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এই অনুষ্ঠানের সূচনা

করেন। তিনি বলেন, ঐতিহ্যবাহী এই প্রদর্শনী রাজ্যের সব থেকে বড় পুষ্প প্রদর্শনী। সাত দশক আগে তৎকালীন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের উদ্যোগে এর সূচনা হয়। যুগস্লাভিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট মার্শাল টিটো এর উদ্বোধন করেছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার, সরকার পক্ষের মুখ্য সচেতক নির্মল ঘোষ, বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ক্যালকাটা ফ্লাওয়ার গ্রোয়ার্স অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে আয়োজিত এই প্রদর্শনী আগামী ২৬-শে ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন দুপুর ২টো থেকে রাত আটটা পর্যন্ত সর্বসাধারণের জন্য খোলা থাকবে।

oooooooooooooooooooooo

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে বৃষ্টির পর তাপমাত্রা সামান্য নামলেও এখনই জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। ফের ঘূর্ণাবর্ত ও ঝঞ্ঝাঁর প্রভাবে বুধবার, বড়দিনের পর থেকে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য বেশি। আগামীকাল দুই ২৪ পরগনা এবং দুই মেদিনীপুরে হাল্কা বৃষ্টি হতে পারে। পশ্চিমের জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি কুয়াশা থাকবে।

দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর এবং মালদায় ঘন কুয়াশার হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

oooooooooooooooooooooo

বাংলা,মহিলাদের সিনিয়র একদিনের ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে। রাজকোটে আজ কোয়ার্টার ফাইনালে বাংলা পাঁচ উইকেটে হরিয়ানাকে হারিয়ে দেয়। জয়ের জন্য ৩৯০ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলা পাঁচ বল বাকি থাকতেই প্রয়োজনীয় রান তুলে নেয়। মহিলাদের প্রথম শ্রেনীর ক্রিকেটে সর্বাধিক রান তাড়া করে জয়ের নজির গড়েছে বাংলা।

বাংলার তনুশ্রী সরকার ১১৩, প্রিয়ঙ্কা বালা ৮৮, ধারা গুজ্জর ৬৯, ষষ্ঠী মন্ডল ৫২ রান করেছে। হরিয়ানা প্রথমে ব্যাট করে পাঁচ উইকেটে করেছিল ৩৮৯ রান।

oooooooooooooooooo

oooooooooooooooooo